

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন
www.bim.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০০৯.২৮.০০২.১৯.৬৬

তারিখ: ১৮ চৈত্র ১৪২৫

০১ এপ্রিল ২০১৯

বিষয়: সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী কোর্সে প্রশিক্ষানার্থী মনোনয়ন প্রসঙ্গে।

পত্রে উল্লেখিত বিষয়বস্তুর আলোকে সরকারি অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সরকারি/স্বায়ত্বশাসিত/কর্পোরেশন/প্রকল্প-এ কর্মরত মধ্যম ও কনিষ্ঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনায় আগামী ২৭- ২৮ এপ্রিল, ২০১৯ খ্রিঃ রোজ শনিবার ও রবিবার “সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী” বিষয়ে ০২ (দুই) পূর্ণদিবস ব্যাপী প্রশিক্ষণ বিআইএম, ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ বিষয়াবলি অত্র সংযুক্ত ব্রসিউরে সন্নিবেশ করা হয়েছে। জনপ্রতি প্রশিক্ষণ ফি ৬,০০০/- (ছয় হাজার) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতীত) মাত্র, যা নগদ/পে-অর্ডার/চেকের মাধ্যমে মহাপরিচালক, বিআইএম, ঢাকা বরাবর পরিশোধযোগ্য।

নিম্নোক্ত বিষয়সমূহের উপরে গুরুত্ব আরোপ করা হবেঃ

- ক) সরকারি চাকরির সাধারণ শর্তাবলী
- খ) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯
- গ) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮
- ঘ) সরকারি চাকরির শিষ্টাচার, ম্যানার ও প্রোটোকল
- ঙ) বেতন ও অন্যান্য সুবিধাদি
- চ) ছুটি বিধিমালা
- ছ) পেনশন সাধারণ বিধিমালা
- জ) পেনশন মঞ্জুর শর্তাদি

কোর্স সংক্রান্ত যে কোন বিষয়ে জানার জন্য জনাব আমিনুর, উদ্ধর্তন ব্যবস্থাপনা উপদেষ্টা ও কোর্স-সমন্বয়কারি (মোবাইল: ০১৭১৬৫৫১৬৬১, ই-মেইল: amenoor.bim@gmail.com) -এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

বর্ণনামতেঃ কোর্স ব্রসিউর ০২ (দুই) প্রস্থ।

১-৪-২০১৯

প্রকৌশলী আবু নাসের মোঃ শহিদুল্লাহ
পরিচালক

রেস্ট্রর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী
পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান
প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা



১-৪-২০১৯

আমিনুর

ব্যবস্থাপনা উপদেষ্টা-২